দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 MAR 2015
পৃষ্ঠা ১৪ কলাম ২

ধামরাই বিএম কলেজ

## অধ্যক্ষ অপসারণ ও কলেজ খোলার দাবিতে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, সাভার, ২১ মার্চ ॥ শনিবার ধামরাই আমিনুর রহমান বিএম কলেজের তিন শতাধিক পরীক্ষার্থী কলেজের অধ্যক্ষ মমতাজ বেগমের অপসারণ ও অবিলম্বে কলেজ খুলে দিয়ে পরীক্ষার পরিবেশ ফিরিয়ে আনার দাবিতে বিক্ষোভ মিছিল ও সভা করেছে। এক মাস আগে তিন শতাধিক পরীক্ষার্থীর কাছ থেকে পরীক্ষার ফি বাবদ জনপ্রতি ১৫ হাজার টাকা আদায়ের পর অধ্যক্ষ মমতাজ বেগম শিক্ষকদের সরকারী বেতন-ভাতা না দিয়ে নিজেই কলেজে তালা ঝুলিয়ে গাঢাকা দেন বলে অভিযোগ করেছে পরীক্ষার্থী ও কলেজের শিক্ষকবৃন্দ। এতে ক্ষিপ্ত হয়ে উঠেছে শিক্ষার্থী ও অন্যান্য শিক্ষকবৃন্দ। এরই জের ধরে শনিবার দুপুরে পরীক্ষার্থীরা কলেজ ক্যাম্পাসে এসে প্রধান ফটকে তালা ও কলেজ খোলা না পেয়ে বিক্ষোভ মিছিল ও কলেজ অধ্যক্ষ মমতাজ বেগমের অপসারণ দাবি করে তদন্তসাপেক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

জানা গেছে, দীর্ঘদিন ধরে ওই শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকদের সঙ্গে অধ্যক্ষের চলছে বিরোধ। অধ্যক্ষ তার স্বামীর নামে কলেজ হওয়ায় দাপট দেখিয়ে শিক্ষকদের সঙ্গে প্রতিনিয়ত অশালীন আচরণসহ বেতন-ভাতা প্রদান বন্ধ করে দেয়। আর এ সুযোগে কলেজ ফান্ডের এক কোটি টাকা হাতিয়ে নিয়েছে বলে অভিযোগ করেছেন শিক্ষক ও শিক্ষার্থীরা। এর প্রতিবাদে শিক্ষক-শিক্ষার্থীরা ২২ ফেব্রুয়ারি মানববন্ধন ও প্রতিবাদ কর্মসূচী পালন করে ঢাকা জেলা প্রশাসক বরাবরে স্মারকলিপি পেশ করে। এ ঘটনায় ইতোপূর্বেও একই ধরনের কর্মসূচী পালন করা হয়। কলেজের প্রভাষক নজরুল ইসলাম ও ম্যানেজিং কমিটির শিক্ষক প্রতিনিধি প্রভাষক মোহাম্মদ মোর্শেদ জানান, অদ্যাবধি অধ্যক্ষ মমতাজ শিক্ষকদের বেতন-বোনাস দেননি। এরই ফাঁকে অধ্যক্ষ পরীক্ষার্থীদের কাছ থেকে পরীক্ষার ফি আদায় করে কলেজে তালা ঝুলিয়ে বন্ধ করে রেখেছে এক মাস ধরে।